গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রনালয়ঃ অর্থ মন্ত্রণালয়
বিভাগ ঃ অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

মাননীয় অর্থমন্ত্রীর জন্য
সার-সংক্ষেপ

বরাত ঃ তারিখ-০৮.০৯.১৯৯৭ ইং

বিষয় ঃ ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য শিল্প প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউস সুবিধা প্রদান প্রসংগে।

বন্ডেড ওয়্যারহাউজ সুবিধায় অপব্যবহার করে শুল্ক ফাঁকি সম্পর্কিত অভিযোগ, বন্ড ব্যবস্থাপনা ও এর শুল্ক তত্ত্বাবধান, শুল্ক কর্মকর্তাদের সংখ্যার স্বল্পতা ইত্যাদি বিবেচনা করে ১৯৯২ সনে তদানীন্তন মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের নির্দেশে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক জারীকৃত ৩০.০৬.৯২ ইং তারিখের আদেশবলে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ছাড়া অন্যান্য সকল প্রতিষ্ঠানকে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদানের উপর নিষেধাঞ্জা আরোপ করা হয় (পতাকা ক)। ঐ আদেশ জারীর পর থেকে ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের ছাড়া অন্য কাউকে বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স প্রদান করা হয়নি। তবে দুয়েকটি ক্ষেত্রে আদালতের আদেশের পরিপ্রেক্ষিতে লাইসেন্স প্রদান করা হয়েছে।

০২। ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বন্ড সুবিধা প্রদানের জন্য বিভিন্ন ধরনের প্রতিষ্ঠানের কাছ থেকে আবেদন পাওয়া গেছে। কিন্তু আরোপিত উপরোক্ত নিষেধাঞ্জার পরিপ্রেক্ষিতে এ ধরনের সকল ক্ষেত্রে বন্ড সুবিধা প্রদানে অপারগতা জ্ঞাপন করা হয়েছে।

০৩। সম্প্রতি বহুজাতিক কোম্পানী বিদেশী বিনিয়োগ অথবা যৌথ উদ্যোগে প্রতিষ্ঠিত শিল্প প্রতিষ্ঠান বিদেশী সরবরাহকারী, রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠানের কাছে সরবরাহের উদ্দেশ্যে যন্ত্রপাতি এবং কাঁচামালের জন্য আমদানিকৃত মাছ প্রক্রিয়াজাতকরণের পর রপ্তানির উদ্দেশ্যে সংরক্ষণের জন্য ইত্যাদিসহ বিভিন্ন ধরনের বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের আবেদন পাওয়া গেছে। প্রাপ্ত আবেদনপত্রসমূহের মধ্যে নেসলে বাংলাদেশ লিঃ, এ্যাপোলো ইস্পাত কপ্লেক্স লিঃ এর মত বৃহৎ শিল্প প্রতিষ্ঠানসহ অন্যান্য প্রতিষ্ঠান রয়েছে। মেসার্স নিতান নামক একটি প্রতিষ্ঠান মাছ আমদানি করে রপ্তানির উদ্দেশ্যে প্রক্রিয়াকরণের জন্য মৎস্য উন্নয়ন কর্পোরেশনের হিমাগারে বন্ড সুবিধা চেয়েছে। বিজিএমইএ এর তরফ থেকে ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের কাছে সরবরাহের উদ্দেশ্যে যন্ত্রপাতি ও কাঁচামাল সংরক্ষণের জন্য বন্ড সুবিধা প্রদানের অনুরোধ জানানো হয়েছে। মেসার্স সিডকো লিঃ নামক একটি প্রতিষ্ঠান রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানের কাছে তাদের চাহিদা মোতাবেক কাপড় সরবরাহের লক্ষ্যে আমদানিকৃত কাপড় সংরক্ষণের অন্য ওয়্যারহাউস সুবিধা প্রদানের অনুরোধ জানিয়েছে। এছাড়াও অন্যান্য অনেক শিল্প প্রতিষ্ঠান বন্ড সুবিধা চেয়ে আবেদন করেছে। কিন্তু ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান না হওয়ায় অথবা অন্য কোন সীমাবদ্ধতার কারণে এসব ক্ষেত্রে বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স প্রদান করা যায়নি।

০৪। ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ব্যতীত অন্যান্য ক্ষেত্রে বন্ড লাইসেন্স প্রদানের পর নিষেধাজ্ঞা আরোপ করা হলেও শুল্ক আইনে এই সুবিধা প্রদানের বিধান পূর্বের মতই বহাল আছে। তাই আইনে যে সুবিধার বিধান আছে তা সম্পূর্ণ বন্ধ রাখা কতটা সঙ্গত ও যুক্তিযুক্ত তা প্রাপ্ত আবেদনপত্রসমূহের পরিপ্রেক্ষিতে বিবেচনা ও পুনঃ পরীক্ষা করে দেখা সমীচীন হবে। যেহেতু বন্ড সুবিধা শিল্প বাণিজ্য প্রসারে সহায়ক ভুমিকা পালন করে থাকে তাই শিল্প প্রতিষ্ঠান সমূহের ক্ষেত্রে এ সুবিধা সম্পূর্ণ বন্ধ রাখা আইনের স্পিরিট এর সংগে অসংগতিপূর্ণ। বিশেষ করে বৃহৎ শিল্প প্রতিষ্ঠানসমূহ যারা প্রচুর পরিমাণ কাঁচামাল শুল্ক কর পরিশোধ করে আমদানি করে তাদের জন্য এই নিষেধাজ্ঞা বিশেষ অসুবিধার সৃষ্টি করেছে। একই সাথে এ বিষয়টিও প্রনিধানযোগ্য যে, নিষেধাজ্ঞা আরোপের পূর্বে যে সব শিল্প প্রতিষ্ঠানকে বন্ড সুবিধা দেয়া হয়েছিল তাদের অনেকেই এখনও যে সুবিধা ভোগ করে আসছে। এর ফলে অন্যান্য দের একই সুবিধা না দেয়ায় তারা বৈষম্যমূলক ব্যবস্থায় শিকার হয়ে যাচ্ছে। বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের জন্য প্রাপ্ত আবেদনপত্র, আইনের বিধান, উপরিল্লিখিত অসুবিধা ইত্যাদির বিবেচনায় নিয়ে এবং কিছু শর্ত ও নীতিমালা নির্ধারণ করে বৃহৎ শিল্প প্রতিষ্ঠানের ক্ষেত্রে বন্ড লাইসেন্স প্রদানের বিষয়টি বিবেচনা করা সংগত হবে বলে প্রতীয়মান হয়।

০৫। ১০০% রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান ছাড়া অন্যান্য ক্ষেত্রে প্রাইভেট বন্ডেড ওয়্যারহাউস সুবিধা দেয়া হলে শুল্ক ফাঁকির আশংকা কিছুটা বৃদ্ধি পাবে। তবুও সমতা, আইনের স্পিরিট এবং শিল্প বাণিজ্যের প্রসারে এর সহায়ক ভূমিকা ইত্যাদি বিষয় বিবেচনা করে শিল্প প্রতিষ্ঠানকে বন্ড সুবিধা প্রদানের জন্য একটি যুক্তিসংগত threshold নির্ধারণ করে এ সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনা করা যেতে পারে। দেশের বর্তমান শিল্পায়নের পর্যায় এবং শিল্প খাতে বিনিয়োগ ইত্যাদি বিষয় বিবেচনা করে নিম্নলিখিত শর্তে সাপেক্ষে বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স প্রদানের নীতিগত সিদ্ধান্ত নেয়া যায়ঃ

(১) শিল্প প্রতিষ্ঠানের paid up capital অন্তত ১০ কোটি টাকা হতে হবে;

(২) সর্ব্বোচ্চ যে পরিমাণ মাল কোন এক সময়ে ওয়্যারহাউসে রাখবে সে পরিমাণ মালের উপর প্রযোজ্য শুল্ক করের সমপরিমাণ অর্থের ব্যাংক গ্যারান্টি দিতে হবে। উপর্যুক্ত ক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড এ শর্ত শিথিল করবে;

(৩) ১০০% রপ্তানিমুখী পোশাক শিল্প প্রতিষ্ঠানসমূহকে সরবরাহের লক্ষ্যে কেবল আমদানিকৃত কাপড়ের জন্য বন্ডেড ওয়্যারহাউজ লাইসেন্স দেয়া যাবে; এবং

(৪) চট্টগ্রাম বন্দরে কন্টেইনারের চাপ লাঘবের উদ্দেশ্যে ব্যক্তি মালিকানায় আইসিডি স্থাপনের উদ্দেশ্যে দেশে বন্ডেড ওয়্যারহাউস এর জন্য সুনির্দিষ্ট নীতিমালা ও শর্ত সাপেক্ষে লাইসেন্স দেয়া যাবে।

০৬। অনুচ্ছেদ ০৫ এর প্রস্তাব সদয় বিবেচনা ও অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

(শাহ আব্দুল হান্নান)
সচিব

মাননীয় অর্থমন্ত্রী